গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.০১৫.৩৯(এ).২০.৬১৭(এ) তারিখঃ ০৭ আষাঢ় ১৪২৯ / ২১ জুন ২০২২

প্রেরক : মোহাঃ আলমগীর হোসেন
উপসচিব।

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: চাঁপাইনবাবগঞ্জ জেলার নাচোল উপজেলাধীন জাতীয়করণকৃত নাচোল ডিগ্রি কলেজ-এর জন্য শিক্ষক-কর্মচারীর ০৬ (ছয়) টি পদ রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজন।

মহোদয়,

আদিষ্ট হয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩ মে ২০০৩ তারিখের মপবি/ক:বি:শা:/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশের পরিপ্রেক্ষিতে চাঁপাইনবাবগঞ্জ জেলার নাচোল উপজেলাধীন জাতীয়করণকৃত নাচোল ডিগ্রি কলেজ-এর জন্য শিক্ষক-কর্মচারীর নিম্নবর্ণিত ০৬ (ছয়) টি পদ বর্ণিত শর্তে রাজস্ব খাতে অস্থায়ীভাবে ০৬ নভেম্বর ২০১৬ তারিখ হতে ৩১ মে ২০১৭ তারিখ পর্যন্ত সৃজনে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

| ক্রমিক | পদের নাম, বিষয় ও সংখ্যা | অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল'১৫ অনুযায়ী) | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১) | প্রভাষক (নন-ক্যাডার) :<br>মনোবিজ্ঞান-০১ (এক) টি<br>ভূগোল-০১ (এক) টি<br>প্রাণিবিদ্যা-০১ (এক) টি<br>উদ্ভিদবিদ্যা-০১ (এক) টি<br>গণিত-০১ (এক) টি<br>উপমোট পদ-০৫ (পাঁচ) টি | ৳ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | নন-ক্যাডার (সাধারণ শিক্ষা) নিয়োগবিধির অবর্তমানে বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর তফসিলের ১৩ ক্রমিকে উল্লিখিত শর্তের ন্যায় নিয়োগ যোগ্যতা অনুযায়ী পদ পূরণযোগ্য |

চলমান পাতা-২

| ক্রমিক | পদের নাম, বিষয় ও সংখ্যা | অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল'১৫ অনুযায়ী) | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ২) | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক-০১ (এক) টি | ৳ ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | 'মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২১'-এর তফসিলের ৩৯(ক) নং ক্রমিকে উল্লিখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| বেতন গ্রেড নির্ধারণকৃত সর্বমোট পদ : ০৬ (ছয়) টি | | | |

২। শর্তাবলী :

ক) এ শিক্ষা প্রতিষ্ঠানের কোনো আত্তীকৃত শিক্ষককে অন্য কোনো শিক্ষা প্রতিষ্ঠানে বদলি করা যাবে না;

খ) অফিসের বিদ্যমান টিওএন্ডই'তে নতুন সৃজিত পদগুলি স্থায়ী/অস্থায়ী হিসেবে অন্তুর্ভক্ত করে টিওএন্ডই হালনাগাদ করতে হবে;

গ) প্রাপ্যতার অধিক পদে কর্মরত শিক্ষক/কর্মচারীর ক্ষেত্রে পদত্যাগ/অবসর/বরখাস্ত/মৃত্যুজনিত কারণে পদ শূন্য হলে শূন্য হওয়ার তারিখ থেকে উক্ত পদ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এ সংক্রান্ত আদেশ জারি করবে এবং পদ বিলুপ্তকরণের আদেশের অনুলিপি জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

ঘ) শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের আত্তীকরণের ক্ষেত্রে 'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা, ২০১৮' এবং প্রচলিত বিধি-বিধান অনুসরণ করতে হবে; এবং

ঙ) শিক্ষকগণকে আত্তীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় যাবতীয় তথ্যাদি/কাগজপত্রের সত্যতা ও গ্রহণযোগ্যতা সম্পর্কে নিশ্চিত হয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে।

৩। উল্লিখিত পদের ব্যয়ভার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট অর্থবছরের নির্ধারিত খাত হতে বহন করা হবে।

৪। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৭ অক্টোরব ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৫৫.১৫.০৩৩.১৮-৪১৪, অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের ০২ ডিসেম্বর ২০২১ তারিখের ০৭.০০.০০০০.১৫৩.০১৫.৩৩.১৮-৫২৩, অর্থ বিভাগের বা স্তবায়ন অনুবিভাগের ২৬ ডিসেম্বর ২০২১ তারিখের

চলমান পাতা-৩

০৭.০০.০০০০. ১৬২.৩৭.০১৭.২১-৩১৪ এবং মন্ত্রিপরিষদ বিভাগের (প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-১ অধিশাখা) ২৬ এপ্রিল ২০২২ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০০৪.২২.৫৫ সংখ্যক স্মারকের সম্মতির পরিপ্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,

22/06/2022

(মোহাঃ আলমগীর হোসেন)
উপসচিব
ফোন : ৯৫৪৫৪৫০
ই-মেইল : college.sec5@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.০১৫.৩৯(এ).২০.৬১৭(এ)/১(১)

তারিখঃ ০৭ আষাঢ় ১৪২৯ / ২১ জুন ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (৩ কপিসহ) অর্থ বিভাগে প্রেরণ করা হলো। অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের ০২ ডিসেম্বর ২০২১ তারিখের ০৭.০০.০০০০.১৫৩. ০১৫.৩৩.১৮-৫২৩ সংখ্যক পত্রের মাধ্যমে পদসমূহ সৃজনের বিষয়ে সম্মতি জ্ঞাপন করেছে। এ সৃজনাদেশ পৃষ্ঠাঙ্কন করে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা-এর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

22/06/2022

(মোহাঃ আলমগীর হোসেন)
উপসচিব

নম্বর- ০৭.০০.০০০০.১৫৩.০১৫.৩৩.১৮-৫৫৩

তারিখ: ২৯/০৬/2022

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা- এর নিকট প্রেরণ করা হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

২৯/০৬/২২

সৈয়দ আশরাফুজ্জামান
সিনিয়র সহকারী সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপসচিব
ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৩
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

চলমান পাতা-৪

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.০১৫.৩৯(এ).২০.৬১৭(এ)/১(১)/১৩ তারিখঃ ০৭ আষাঢ় ১৪২৯ / ২১ জুন ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২) - সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, সওব্য, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
০৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৬) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষামন্ত্রণালয়, ঢাকা।
০৫) সচিব মহোদয়-এঁর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৭) উপসচিব (সরকারি কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৮) উপসচিব (সরকারি কলেজ-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৯) সিনিযর সহকারী সচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১) অধ্যক্ষ, নাচোল সরকারি ডিগ্রি কলেজ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
১২) অতিরিক্ত সচিব (কলেজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৩) অফিস কপি।

21/06/2022

(মোহাঃ আলমগীর হোসেন)
উপসচিব